

জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট
ফোন: ০২-৯৫৫২০৭৮, ০২-৯৫৬৫০৪৪

নির্দেশ বিজ্ঞপ্তি নং ৮১৮/১৮

তারিখ: ২৮ মে, ২০১৮ খ্রিস্টাব্দ
১৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয়: পদোন্নতি নীতিমালা সংক্রান্ত নির্দেশ বিজ্ঞপ্তি নং-৮১৫/১৮ তারিখ: ২০ মে, ২০১৮-এর (ক) অনুচ্ছেদের ক্রমিক নম্বর-
০৬ স্পষ্টীকরণ প্রসঙ্গে।

মহোদয়,

গত ২০ মে, ২০১৮ তারিখে জারিকৃত পদোন্নতি নীতিমালা সংক্রান্ত নির্দেশ বিজ্ঞপ্তি নং-৮১৫/১৮ এর ধারা (ক) এর ক্রমিক
নং ০৬-এ উল্লিখিত ০১ নম্বর প্রাপ্যতার ক্ষেত্রে নিম্নলিখিত বিষয় উল্লেখ করা হয়েছে:

উদ্ধৃত

“(ক) পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদন সাপেক্ষে ও সিইও এন্ড এমডি কর্তৃক সাক্ষরিত প্রশংসাপত্রের জন্য।
অথবা


(খ) পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত নীতিমালা অনুযায়ী (নির্দেশ বিজ্ঞপ্তি নং ৭৮০) দুর্গম এলাকার শাখায় এসপিও এবং
তদনিম্নস্থ সকল গ্রেডের সংশ্লিষ্ট পদে (বর্তমান পদে) ২ বছর কর্মরত থাকার জন্য।” অনুদ্ধৃত

পদোন্নতির ক্ষেত্রে উপর্যুক্ত বিষয়ে পিএমআইএস-এর প্রমোশন মডিউলে এন্ট্রি করতে গিয়ে ইতোমধ্যে বিভিন্ন শাখা এবং
অফিস থেকে অনেকেই বিষয়টি স্পষ্টীকরণের জন্য টেলিফোনের মাধ্যমে অনুরোধ জানিয়েছেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উপর্যুক্ত পদোন্নতি নীতিমালার (ক) অনুচ্ছেদের ক্রমিক নং- ০৬ (ক) নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ
করা হলো:

“পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদন সাপেক্ষে ও সিইও এন্ড এমডি কর্তৃক সাক্ষরিত সংশ্লিষ্ট গ্রেডে প্রাপ্ত প্রশংসাপত্রের জন্য।”

কাজেই প্রশংসাপত্রের এন্ট্রি দেয়ার সময় পদোন্নতিযোগ্য প্রার্থীর সংশ্লিষ্ট গ্রেডে (বর্তমান পদে) অর্জিত প্রশংসাপত্রই কেবল
এন্ট্রি দিতে হবে।

আপনার বিশ্বস্ত,

মোস্তফা ছাইফুল হক
ডিজিএম


নাছিমা আক্তার
জিএম